‘শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি’

# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১৭ ফেব্রুয়ারী ২০২২ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-‘ক’)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান কোভিড-১৯ এর টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান আগামী ২৬/০২/২০২২ তারিখের মধ্যে সকলকে করোনা ভাইরাস টিকার ১ম ডোজ সম্পন্ন করতে হবে। অন্যথায় ২৬/০২/২০২২ তারিখের পর সরকারিভাবে আর করোনা ভাইরাসের গণ টিকার ১ম ডোজ দেয়া হবে না।<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আগামী ২৬/০২/২০২২ তারিখের মধ্যে সকলকে টিকা নেয়ার বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে এবং ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা করতে হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় ২৬/০২/২০২২ তারিখের গণটিকা কার্যক্রম সফল করতে সকল ইউ/পি চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচার কাজ পরিচালনা করার জন্য ও টিকা নেয়ার বিষয়টি প্রতিটি মসজিদের মাইকে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং শুক্রবার জুম্মার নামাজে বয়ানের সময় যারা এখনও করোনা ভাইরাসের টিকা ১ম ডোজ গ্রহণ করেননি তাদেরকে টিকা নেয়ার বিষয়ে উদ্বুদ্ধ করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ জানানোর জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | আলোচনান্তে আগামী ২৬/০২/২০২২ তারিখের গণটিকা কার্যক্রম সফল করতে সকল ইউ/পি চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচার কাজ পরিচালনা করার জন্য এবং সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন | আলোচনান্তে বার্ষিক উন্নয়ন | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, |

| | | | |
|---|---|---|---|
| | কর্মসূচী(ADP) এর সংশোধিত চূড়ান্ত তালিকা-পরিশিষ্ট-'খ' উপস্থাপন করেন। তিনি উক্ত তালিকা অনুমোদনের জন্য সভাকে অনুরোধ জানান। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় হামিদুল হক উচ্চ বিদ্যালয় ভৈষবেড় এর একটি একাডেমিক ভবন নির্মাণ ও রঙ্গাঁরচর হরিনাপাটি উচ্চ বিদ্যালয়ে একটি ওয়াশব্লক নির্মাণ INF-2019-20-609089-02 প্রকল্পটি ঠিকাদার কর্তৃক বাস্তবায়নপূর্বক বিল দাখিল করা হয়েছে। বিলটি উপজেলা প্রকৌশল অফিস কর্তৃক পরীক্ষা নীরিক্ষা করা হয়েছে। বিলের পরিমাণ ভ্যাট ও আয়করসহ সংশ্লিষ্ট ২৯,১৬,০৫৪/-(উনত্রিশ লক্ষ ষোল হাজার চুয়ান্ন) টাকা, ভ্যাটের পরিমাণ ২,১৮,৭০৪.০৫(দুই লক্ষ আটারো হাজার সাতশত চার টাকা পাঁচ পয়সা) টাকা এবং আয়করের পরিমাণ ৮৭,৪৮১.৬২(সাতাশি হাজার চারশত একাশি টাকা বাষট্টি পয়সা) টাকা কর্তনপূর্বক নীট বিল ঠিকাদারের অনুকুলে ২৬,০৯,৮৬৮/-(ছাব্বিশ লক্ষ নয় হাজার আটশত আটষট্টি) টাকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | কর্মসূচী(ADP) এর এর সংশোধিত চূড়ান্ত তালিকা-পরিশিষ্ট-'খ' সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং উপজেলা পরিচালন এবং উন্নয়ন প্রকল্প (UGDP) এর INF-2019-20-609089-02 নং বিলটি সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং উক্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সুনামগঞ্জ সদর। |
| ৩. | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান নতুন অর্থ বছরের আওতায় ১৯৭টি গভীর নলকূপ স্থাপন এর মধ্যে ১৩৬টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে এবং ৩৩টি নলকূপের পাটাতন পাকাকরন সম্পন্ন হয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট গভীর নলকূপ স্থাপন ও পাটাতন পাকাকরন কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার শ্রীমতি বাজার ১৪২৯ বাংলা সন হইতে দীর্ঘ মেয়াদী ১১ বৎসর ইজারা প্রদানের জন্য ইজারাদার একটি আবেদন করেন এবং সুনামগঞ্জ সদর উপজেলার সুরমা নদীর পাড়স্থ স্তুপিকৃত বালু, পাথর ও দেশীয় নৌকা হইতে উঠানামাকালে ১৪২৮ বাংলা সনে টোল আদায় না হওয়ায় আর্থিক ক্ষতির বিষয়টি বিবেচনা করার জন্য ইজারাদার একটি আবেদন করেন। তিনি আরও জানান সরকারি নীতিমালা মোতাবেক উক্ত আবেদন ০২টি বিবেচনা করার কোন সুযোগ নেই। তাই আবেদন ০২টি বাতিল করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে সরকারি নীতিমালা মোতাবেক উক্ত আবেদন ০২টি বিবেচনা করার কোন সুযোগ না থাকায় আবেদন ০২টি বাতিল করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আমাদের সুনামগঞ্জ জেলার প্রধান ফসল বোরো ধান রোপন প্রায় শেষ পর্যায়ে। তিনি আরও জানান অন্যান্য বছরের ন্যায় সরকার এবছরও ভুর্তুকি মুল্যে কৃষকদের হারভেস্টার মেশিন প্রদান করবে। উক্ত হারভেস্টার মেশিন ক্রয়ের জন্য আগামী ১৫ মার্চ ২০২২ তারিখের মধ্যে আবদেন করতে হবে। আমাদের ০৯(নয়)টি ইউনিয়নের মধ্যে জাহাঙ্গীরনগর ৫০% ভুর্তুকি পাবে | আলোচনান্তে কৃষি উন্নয়নমূলক কাজে সহয়োগিতা করার জন্য নব নির্বাচিত সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | বাকী ০৮(আট)টি ইউনিয়নে ৭০% ভুর্তুকি দেওয়া হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যারা হাভেস্টার মেশিন পাওয়ার জন্য আবেদন করবেন তাদের আবেদন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান দ্বারা যাচাই বাছাই করে উপজেলা কমিটিতে পাঠাতে হবে। তখন উপজেলা কমিটি তা যাচাই বাছাই করে প্রস্তাব প্রেরণ করবে। | | |
| ৬. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সভায় জানান তাদের যুব ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। তিনি যুব ঋণ এর বকেয়া টাকা আদায়ের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যুব কাউনন্সিল কমিটি গঠন সংক্রান্ত একটি পত্র পাওয়া গেছে। নীতিমালা অনুযায়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয় কর্তৃক ০১জন এনজিও প্রতিনিধি ও ০১জন যুব সংগঠনের প্রতিনিধি মনোনয়ন করা হয়েছে এবং মাননীয় সংসদ সদস্য কৃর্তৃক ০১ জন পুরুষ এবং ০১জন নারী মনোনীত করে যুব কাউনন্সিল গঠন করা হয়েছ। খামার ভিটা ১টি যুব সংগঠনের নিবন্ধনের আবেদন পাওয়া গেছে এবং অনুমোদন দেয়া হয়েছে।<br>চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর ইউ/পি সভায় জানান যুব প্রশিক্ষণের ক্ষেত্রে প্রার্থী মনোনয়নের জন্য পত্র দিয়ে জানানো হলে প্রশিক্ষণ প্রার্থী মনোনয়ন সহজ হয় এবং প্রকৃত উপকারভোগী বাছাই করা যাবে। | আলোচনান্তে যুব ঋণ এর বকেয়া টাকা আদায়ের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে সহযোগিতা করার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার মোহনপুর ও মোল্লাপাড়া ইউনিয়ন ০২টিতে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্র নেই। তিনি আরও জানান ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপনের উপযুক্ত স্থান পাওয়া গেলে নির্মাণ করা যাবে। ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ এর জন্য ০.৫০ একর জমি এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ এর জন্য ০.৩০ একর জমির প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ এর জন্য দ্রুত স্থান নির্বাচন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মোহনপুর ও মোল্লাপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান মোহনপুর ও মোল্লাপাড়া ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৮. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলায় জেলে নিবন্ধন কার্যক্রম শুরু হবে। জেলে নিবন্ধন করতে হলে পৌর এলাকায় সংশ্লিষ্ট পৌরসভার মেয়র এবং ইউনিয়ন পরিষদ এলাকায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর প্রত্যয়ন লাগবে। পরে উক্ত আবেদনটি নিবন্ধন কমিটিতে যাচাই বাছাই করা হবে। তিনি আরও জানান সুরমা নদীর ব্রাহ্মনগাঁও এবং ওয়েজখালী পয়েন্টে ০২টি অভয়াশ্রম রয়েছে। সমিতির লোকজন তা তদরকীর কাজে নিয়োজিত আছেন।<br>চেয়ারম্যান, সুরমা ইউ/পি সভায় জানান অনেক লোকের জেলে কার্ড আছে কিন্তু তারা প্রকৃত মৎস্যজীবি নয়। তিনি সভায় জানান অমৎস্যজীবিদের মৎস্যজীবি | আলোচনান্তে প্রকৃত মৎসজীবিরা যাতে জেলে নিবন্ধন করতে পারেন সেদিকে নজরদারি রাখার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় এবং মৎস্যজীবিদের তালিকা সকল ইউ/পি চেয়ারম্যানগণকে সরবরাহ করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | তালিকা থেকে বাদ দেয়া প্রয়োজন। তাহলে প্রকৃত মৎস্যজীবিরা উপকৃত হবেন। তাই তিনি মৎস্যজীবিদের তালিকা সরবরাহ করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। | | |
| ৯. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান গতকাল সারা দেশে প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়েছে। সুনামগঞ্জ সদর উপজেলার ষোলঘর মাঠে উক্ত প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়। প্রদর্শনীর মূল লক্ষ্য ছিল নতুন উদ্যোক্তা তৈরী করা। প্রাণিসম্পদ প্রদর্শনী সারা দেশে সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। সরকার প্রাণিসম্পদ রক্ষায় প্রতিটি উপজেলায় ১টি করে মোবাইল ভ্যাটেরিনারী ক্লিনিক গাড়ি উপহার দিয়েছেন। সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর ও শান্তিগঞ্জ উপজেলায় উক্ত গাড়ি পাওয়া গেছে। পর্যায়ক্রমে সারা দেশের প্রতিটি উপজেলায় ১টি করে মোবাইল ভ্যাটেরিনারী ক্লিনিক গাড়ি দেয়া হবে। তিনি আরও জানান আমাদের প্রাণিসম্পদ বিভাগের রেজিস্টার্ড ডাক্তার রয়েছেন। তাদের সাথে পরামর্শ করে সকল প্রাণির চিকিৎসা নিলে ভালো হবে। তিনি প্রাণি সম্পদের উৎপাদন বৃদ্ধির জন্য সকলের সহযোগিতা কামনা করেন। "শেখ হাসিনার উপহার প্রাণির পাশে ডাক্তার" শ্লোগানটি এবারের প্রতিপাদ্য বিষয়।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান আগামী বছর প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা শহরে না করে গ্রামে করার জন্য অনুরোধ জানান। কারণ গ্রামেই পশু বেশি লালন পালন করা হয়ে থাকে। তাই আগামী বছর প্রয়োজনে নদীর ঐ পারের তিনটি ইউনিয়ন (সুরমা, জাহাঙ্গীরনগর ও রঙ্গাঁরচর) নিয়ে প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা আয়োজন করা যেতে পারে। | আলোচনান্তে রেজিস্টার্ড চিকিৎসক দিয়ে সকল প্রাণির চিকিৎসা করানো এবং আগামী বছর নদীর ঐ পারের তিনটি ইউনিয়ন (সুরমা, জাহাঙ্গীরনগর ও রঙ্গাঁরচর) নিয়ে প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা আয়োজন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির কাজ বাস্তবায়ন প্রায় শেষ পর্যায়ে এবং ২য় পর্যায়ের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। ৪০ দিনের কর্মসূচীর বরাদ্দ সদর উপজেলায় পাওয়া যায়নি। তিনি আরও জানান মুজিব বর্ষের ১০০টি ঘরের কাজ চলমান রয়েছে এবং নতুন আরও ১০০টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত স্থান নির্বাচন করে কাজ শুরু করতে হবে। সদর উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের ১২টি ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ৬টি ঘরের ছাদ ঢালাইয়ের কাজ শেষ হয়েছে কিন্তু ঠিকাদার এখন পর্যন্ত কোন বিল পাননি। | আলোচনান্তে টিআর/কাবিটা কাজের ২য় কিস্তির বরাদ্দ পাওয়ার সাথে সাথে দ্রুত প্রকল্প দাখিল করার জন্য এবং মুজিব বর্ষের ১০০টি ঘরের স্থান দ্রুত নির্বাচন করে কাজ বাস্তবায়ন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান করোনা ভাইরাস টিকার ১ম ডোজ ১২-১৭ বছর এর ছাত্র-ছাত্রীদের প্রায় ৯০% দেয়া সম্পন্ন হয়েছে। হাজী লাল মাহমুদ উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী ইভটিজিং এর অভিযোগ পাওয়ায় তা দ্রুত তদন্ত করে তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বিনামূল্যে ছাত্র-ছাত্রীদের মধ্যে পাঠ্য পুস্তক | আলোচনান্তে করোনা ভাইরাস টিকা ১ম ডোজ ১২-১৭ বছর সকল ছাত্র/ছাত্রীদের ১০০% নিশ্চিত করার এবং অবশিষ্ট বই পাওয়া গেলে তা দ্রুত শিক্ষার্থীদের মধ্যে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | ৮৫% বিতরণ করা হয়েছে অবশিষ্ট বই পাওয়া গেলে তা দ্রুত বিতরণ করা হবে। করোনা ভাইরাসের কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে তবে অনলাইনে শ্রেণি কক্ষের পাঠদান চলমান আছে। তিনি আরও জানান ২২-২৪ জানুয়ারি শীতকালীন খেলাধুলা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত থাকলেও করোনা ভাইরাসের কারণে তা অনুষ্ঠিত হয়নি। করোনার সংক্রমন কমে গেলে উক্ত খেলাধুলা অনুষ্ঠিত হবে। | সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান করোনার সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় বর্তমানে শ্রেণি পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। তবে সংসদ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং প্রত্যেকটি বিদ্যালয়ে অনলাইনে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। তিনি আরও জানান প্রাথমিক বিদ্যালয়ের বইয়ের কোন ঘাটতি নেই। ২১ শে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২২ স্বাস্থ্যবিধি মেনে পালন করার নির্দেশনা দেওয়া হয়েছে। | আলোচনান্তে ২১ শে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২২ স্বাস্থ্যবিধি মেনে পালন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ১৩. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে সুনামগঞ্জ সদর উপজেলার মোট ১৩৮টি সমিতির মধ্যে ৯০টি সমিতির নির্বাচন ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ৪৮টি সমিতির নির্বাচন আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে শেষ করা হবে। | আলোচনান্তে অবশিষ্ট সমবায় সমিতিগুলোর নির্বাচন দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৪. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান খাদ্যবান্ধব তালিকার যদি কোন লোক মারা যায় বা স্থান পরিবর্তন করে থাকে তাহলে তালিকা দ্রুত সংশোধন করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর জমা দেয়ার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় সকল ইউ/পি চেয়ারম্যানগণকে আগামী ০৩দিনের মধ্যে খাদ্য বান্ধব তালিকায় কোন সংশোধনী থাকলে তা সংশোধন করে দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান খাদ্য বান্ধব কর্মসূচীর ডিলারদের নিজ নিজ এলাকায় সমন্বয় করে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে চাল বিক্রয় করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | আলোচনান্তে সকল ইউ/পি চেয়ারম্যানগণকে আগামী ০৩দিনের মধ্যে খাদ্য বান্ধব তালিকায় কোন সংশোধনী থাকলে তা সংশোধন করে দ্রুত প্রেরণ করার জন্য এবং খাদ্য বান্ধব কর্মসূচীর ডিলারদের নিজ নিজ এলাকায় সমন্বয় করে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে চাল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর। |
| ১৫. | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান জানুয়ারি/২০২১ মাসে আপ্যায়ন বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা। এছাড়া উপজেলা পরিষদের আগাছা পরিষ্কার বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদের একটি বিজ্ঞাপন বিল বাবদ ১০,৩৫০/-(দশ | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | হাজার তিনশত পঞ্চাশ) টাকা বিল পাওয়ার আবেদন করেন। উক্ত ব্যয়িত অর্থ পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-৪৪৯(৫০)

তারিখ : ২৪ ফেব্রুয়ারী ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ............................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

২৫.২.২২

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি:-

মাসের নাম: ফেব্রুয়ারি/২০২২ইং

সভার তারিখ: ২৭/০২/২২ সময়:- ১১.০০ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: খায়রুল হুদা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | |
| ০২. | " নাদের বখত | মেয়র সুনামগঞ্জ পৌরসভা. | |
| ০৩ | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। | নিসুলতানা ২৭/০২/২২ |
| ০৪. | " মো: আবুল হোসেন. | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। | [signature] |
| ০৫ | " মো: আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান. লক্ষনশ্রী ইউপি | |
| ০৬ | " মো: আবুল বরকত | চেয়ারম্যান ~~কক~~ কুরবাননগর ইউপি | |
| ০৭ | " মো: নুরুল হক | চেয়ারম্যান মোল্লাপাড়া, ইউপি. | [signature] |
| ০৮. | " মো: সামছুল ইসলাম | চেয়ারম্যান কাঠইর, ইউপি. | [signature] ২৭/০২/২২ |
| ০৯. | " মো: আব্দুল হাই. | চেয়ারম্যান রঙ্গারচর ইউপি | [signature] |
| ১০ | " মো: আমির হোসেন রেজা | চেয়ারম্যান সুরমা, ইউপি. | [signature] |

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১১. | জনাব, রসিদ আহাম্মেদ | চেয়ারম্যান<br>জাহাঙ্গীরনগর, ইউপি | |
| ১২ | " মো: শাওকত আলী | চেয়ারম্যান<br>গোবারং ইউপি | |
| ১৩. | " মো: মর্দন উল হক | চেয়ারম্যান<br>মোহনপুর ইউপি | |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি

মাসের নাম: ফেব্রুয়ারি/২০২২

সভার তারিখ: ২৭/০২/২০২২ সময়: ১১.০০ ঘটিকা

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার<br>সুনামগঞ্জ সদর। | |
| ০২. | ডা: সৌমিত্র চক্রবর্তী | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ০৩. | মো: সালাহউদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার<br>সুনামগঞ্জ সদর। | ২৭/০২/২২ |
| ০৪. | ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল ভূঁইয়া | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ০৫ | প্রশান্ত দে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ০৬. | মো: আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী<br>সুনামগঞ্জ সদর। | পক্ষে- |
| ০৭. | ~~মুহাম্মদ মতিউর রহমান~~<br>ইখতিয়ার উদ্দিন চৌধুরী | অফিসার ইন-চার্জ<br>সুনামগঞ্জ সদর মডেল থানা। | |
| ০৮. | অশোক রঞ্জন পুরকায়স্থ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>সুনামগঞ্জ সদর। | |
| ০৯. | এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ১০. | বেনু গোপাল দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>সুনামগঞ্জ সদর। | |
| ১১. | বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী | উপজেলা প.প. কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ১২ | মো: শাহিনুর আলম | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ১৩ | মো: আইনুল ইসলাম ভূঁইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | ২৭/০২/২০২২ |
| ১৪ | বিজিত রঞ্জন কর | উপজেলা সমবায় কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর | পক্ষে |
| ১৫ | মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬. | জনাব মিন্টু সরকার | পরিসংখ্যান কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১৭. | এ.কে.এম.রেজাউল আলম | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সুনামগঞ্জ। | [signature] |
| ১৮. | " চয়নব্রত চক্রবর্তী | উপজেলা বেক্ত কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৯ | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর। | |
| ২০. | " মাহ্ফুজুর রহমান সেলিম। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ২১. | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২২ | " আব্দুল্লাহ আল মামুন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২৩. | " সেলিম আহমদ। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক। সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২৪. | " সৈয়দ আহমদ শাহজাহান | ইন্সট্রাক্টর, ইউআরসি সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২৫ | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউজিডিপি, এলজিইডি সুনামগঞ্জ সদর। | [signature] |